গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
নগর উন্নয়ন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

নম্বর: ৪৬.০০.০০০০.১০৬.০২.০০১.২২-**১১০** তারিখ: ২১ ভাদ্র ১৪৩১ / ০৫ সেপ্টেম্বর ২০২৪

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
স্থানীয় সরকার বিভাগ
সিজিএ ভবন (৫ম তলা, গেট নং-৪), সেগুনবাগিচা, ঢাকা

**বিষয়: ২০২৪-২০২৫ অর্থ বছরে স্থানীয় সরকার বিভাগের পরিচালন বাজেটে আবর্তক অনুদান খাতে প্রাথমিক স্বাস্থ্যসেবা সহায়তা বাবদ সিটি কর্পোরেশনের অনুকূলে বরাদ্দকৃত অর্থের ১ম কিস্তির অর্থ অবমুক্তকরণ।**

মহোদয়,

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে, চলতি ২০২৪-২০২৫ অর্থ বছরে স্থানীয় সরকার বিভাগের পরিচালন বাজেটে প্রাথমিক স্বাস্থ্যসেবা সহায়তা বাবদ সিটি কর্পোরেশনের অনুকূলে আবর্তক অনুদান খাতে (১৩৭০১০১-১৪১০০০০০০-৩৬৩১১০৯) বরাদ্দকৃত মোট ১০০০.০০ লক্ষ (দশ কোটি) টাকা হতে ১ম কিস্তিতে নিম্নবর্ণিত ১২টি সিটি কর্পোরেশনের অনুকূলে নামের পাশে উল্লিখিত হারে অর্থ অবমুক্তকরণে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি:

| ক্রমিক | সিটি কর্পোরেশনের নাম | ২০২৪-২০২৫ অর্থ বছরে ১ম কিস্তিতে বরাদ্দকৃত অর্থ (লক্ষ টাকায়) |
|---|---|---|
| ১. | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন | ৪৩.০৭ |
| ২. | ঢাকা উত্তর সিটি কর্পোরেশন | ৪৫.৭৮ |
| ৩. | চট্টগ্রাম সিটি কর্পোরেশন | ৪৬.২০ |
| ৪. | খুলনা সিটি কর্পোরেশন | ৬.৪১ |
| ৫. | রাজশাহী সিটি কর্পোরেশন | ১০.৯৯ |
| ৬. | বরিশাল সিটি কর্পোরেশন | ৫.২৩ |
| ৭. | সিলেট সিটি কর্পোরেশন | ৮.৫২ |
| ৮. | কুমিল্লা সিটি কর্পোরেশন | ৫.৬৩ |
| ৯. | রংপুর সিটি কর্পোরেশন | ৮.৮৬ |
| ১০. | গাজীপুর সিটি কর্পোরেশন | ৪৫.৩০ |
| ১১. | নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন | ১৪.৬২ |
| ১২. | ময়মনসিংহ সিটি কর্পোরেশন | ৯.৩৯ |
| | **মোট=** | **২৫০.০০** |

২। নিম্নবর্ণিত শর্তে এ অর্থ ছাড় করা হলো:

(ক) আবশ্যিক ভাবে এ খাতের অর্থ প্রাথমিক স্বাস্থ্যসেবা যেমন: প্রজনন স্বাস্থ্যসেবা, নবজাতক ও শিশু স্বাস্থ্যসেবা, পুষ্টি সেবা, সংক্রামক রোগ নিয়ন্ত্রণ, অসংক্রামক রোগ নিয়ন্ত্রণ, সাধারণ রোগের চিকিৎসা, স্বাস্থ্য শিক্ষা ও যোগাযোগের মাধ্যমে আচরণ পরিবর্তন সেবা, রোগ নিরূপণ সেবা, এ্যাম্বুলেন্স সেবা, পরিবার কল্যাণ সেবা ইত্যাদি খাতে ব্যয় করতে হবে। অন্য কোনো কাজে এ খাতের অর্থ ব্যয় করা যাবে না;

(খ) ছাড়কৃত অর্থ সিটি কর্পোরেশনের জনসংখ্যা, আয়তন এবং প্রযোজ্য ক্ষেত্রে প্রাথমিক স্বাস্থ্যসেবা গ্রহীতার সংখ্যার ভিত্তিতে ব্যয় করতে হবে;

(গ) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিআর-২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;

(ঘ) ছাড়কৃত অর্থের অব্যয়িত অংশ (যদি থাকে) ৩০ জুন, ২০২৫ এর মধ্যে সরকারি কোষাগারে চালানযোগে জমা প্রদান করতে হবে;

(ঙ) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোনো অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল উত্তোলনকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

(চ) ১৫ জুলাই, ২০২৫ এর মধ্যে ব্যয়িত অর্থের প্রতিবেদন স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করতে হবে।

(চলমান পৃষ্ঠা-১/২)

৩। সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের প্রশাসক/প্রধান নির্বাহী কর্মকর্তাগণ মঞ্জুরিকৃত এ অর্থের আয়ন ও ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।

০৫.০৯.২০২৪

দীপ্তিময়ী জামান
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২৫৫১০০৬৭৭
ই-মেইল: urbandev1@lgd.gov.bd

নম্বর: ৪৬.০০.০০০০.১০৬.০২.০০১.২২-১১০/১(১৩) তারিখ: ২১ ভাদ্র ১৪৩১ / ০৫ সেপ্টেম্বর ২০২৪

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় [দৃষ্টি আকর্ষণ: উপসচিব, বাজেট-১১ শাখা]
২. প্রধান নির্বাহী কর্মকর্তা ............................................. সিটি কর্পোরেশন (সকল)
৩. প্রকল্প পরিচালক, আরবান প্রাইমারি হেলথ কেয়ার সার্ভিসেস ডেলিভারি প্রজেক্ট-২য় পর্যায়
৪. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. উপসচিব (সিটি কর্পোরেশন-১ ও বাজেট শাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭. সিনিয়র সহকারী সচিব (সিটি কর্পোরেশন-২ শাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. প্রশাসকের একান্ত সচিব ....................................... সিটি কর্পোরেশন (সকল)
৯. ডিভিশনাল কন্ট্রোলার অব একাউন্টস, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ
১০. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা...................................... সিটি কর্পোরেশন (সকল)
১১. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১২. ব্যক্তিগত কর্মকর্তা (নগর উন্নয়ন-৩ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৩. অফিস কপি

০৫.০৯.২০২৪

দীপ্তিময়ী জামান
সিনিয়র সহকারী সচিব